দৈনিক
ইত্তেফাক

12 JAN 2016

# ধোলাইপাড় উচ্চ বিদ্যালয়ে ধাওয়া পাল্টা ধাওয়া

## নির্বাচন ছাড়া কমিটি গঠন

■ ইত্তেফাক রিপোর্ট

নির্বাচন ছাড়া পরিচালনা কমিটি গঠনকে কেন্দ্র করে রাজধানীর শ্যামপুর থানাধীন ধোলাইপাড় উচ্চ বিদ্যালয়ে দুই সংসদ সদস্যের উপস্থিতিতে ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। স্থানীয় সংসদ সদস্য সৈয়দ আবু হোসেন বাবলা ও ওয়ার্ড কাউন্সিলর হাবিবুর রহমান হাবু গতকাল সোমবার দুপুরে বিদ্যালয়ে উপস্থিত হয়ে কমিটি গঠনের বিষয়ে জানতে চাইলে প্রধান শিক্ষক আতাউর রহমান তাদের জানান- 'বিষয়টি সম্পর্কে সানজিদা ম্যাডাম (সংরক্ষিত আসনের এমপি এ্যাডভোকেট সানজিদা খানম) জানেন।' এমপি ও কাউন্সিলরের জেরার মুখে একপর্যায়ে আতাউর রহমান পালানোর চেষ্টা করলে উপস্থিত অভিভাবক-শিক্ষার্থীরা তাকে অবরুদ্ধ করে লাঞ্ছিত করে। এসময় সানজিদা খাতুনও সেখানে যান, তখন সানজিদার অনুসারীরা আতাউরের পক্ষ নিয়ে অভিভাবক-শিক্ষার্থীদের ওপর চড়াও হলে তারা প্রতিরোধ গড়ে তোলেন। পরে পুলিশ এসে পরিস্থিতি শান্ত করেন, বাবলা ও হাবুসহ অন্যরা উত্তেজিত অভিভাবক-শিক্ষার্থীদের কবল থেকে আতাউরকে উদ্ধার করেন।

বিষয়টি সম্পর্কে আবু হোসেন বাবলা সন্ধ্যায় ইত্তেফাককে জানান, 'স্থানীয় কাউন্সিলর হাবু, বিদ্যালয় পরিচালনা কমিটির সাবেক সভাপতি নজরুল ইসলামকে সঙ্গে নিয়ে আমি বিদ্যালয়ে যাই। প্রধান শিক্ষকের কাছে জানতে চাই, নির্বাচন ছাড়া কেন তিনি কমিটি গঠন করে সেটি মন্ত্রণালয়ে পাঠালেন। কিন্তু তিনি কোনো জবাব দেননি। বরং ফোন করে একজন মহিলা এমপিকে আনেন, যার কারণে সেখানে অপ্রীতিকর ঘটনা ঘটে। অভিভাবক-শিক্ষার্থীদের ওপর হামলাকারীরা জয়বাংলা স্লোগান দিয়ে চলে যান।'